

মানচিত্রে মোড়াইল রেলওয়ে ওভারপাসের অবস্থান



মোড়াইল রেলওয়ে ওভারপাস

ভিত্তিপ্রস্তর স্থাপন

তারিখ : ২৩ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

পটভূমি

ব্রাহ্মণবাড়িয়া জেলা শহরের বেশীভাগ অফিস, আদালত, হাসপাতাল, পৌরভবন, ব্যবসা প্রতিষ্ঠান ইত্যাদি ব্রাহ্মণবাড়িয়া শহর অংশ সড়ক নামে পরিচিত একটি সড়ককে ঘিরে গড়ে উঠেছে। এ সড়কটি জেলা শহরের প্রধান সড়ক হওয়ায় যানবাহনের চাপ অত্যধিক। এ সড়কের ২য় কিলোমিটারে একটি রেলক্রসিং বিদ্যমান। প্রতিদিন ঢাকা থেকে চট্টগ্রাম ও সিলেটে চলাচলকারী গড়ে ৫২টি ট্রেন উভয় দিকে এ ক্রসিং দিয়ে যাতায়াত করে। ট্রেন চলাচলের সময় সড়কপথ সম্পূর্ণ বন্ধ রাখতে হয় বিধায় এ পয়েন্টে যানজট নিয়মিত বিষয় হয়ে দাঁড়িয়েছে। ঢাকা থেকে চট্টগ্রাম পর্যন্ত ডাবল ট্র্যাকের রেল লাইন স্থাপনের কাজ চলমান। এটির নির্মাণ সমাপ্ত হওয়ার পর রেলক্রসিংয়ের এ অংশে যানজট আরও বৃদ্ধি পাবে। এ পয়েন্টে রেলওয়ে ওভারপাস নির্মাণ ব্রাহ্মণবাড়িয়াবাসীর দীর্ঘ দিনের প্রত্যাশা। এ প্রেক্ষাপটে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১২ মে ২০১০ তারিখে ব্রাহ্মণবাড়িয়া জেলা সফরকালে মৌড়াইল রেলওয়ে ওভারপাস নির্মাণের প্রতিশ্রুতি দেন। ফলশ্রুতিতে গত ১০ সেপ্টেম্বর ২০১৩ তারিখে একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের আওতায় রেলওয়ে ওভারপাস ছাড়াও মূল সড়কটি প্রশস্ত করা হবে। রেলওয়ে ওভারপাসটি নির্মিত হলে ব্যস্ততম এ রেলক্রসিং দিয়ে নিরবিচ্ছিন্নভাবে যানজট মুক্ত অবস্থায় যাতায়াত করা যাবে। জনসাধারণের আর্থ-সামাজিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নের মাধ্যমে এলাকার অর্থনৈতিক উন্নয়নে ওভারপাসটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



রেল ক্রসিংয়ের বর্তমান অবস্থা



রেল ক্রসিংয়ের বর্তমান অবস্থা



প্রকল্প সমাপ্তির পর ওভারপাসের প্রত্যাশিত চিত্র

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: ব্রাহ্মণবাড়িয়া শহরের মৌড়াইল রেলক্রসিং এর উপর রেলওয়ে ওভারপাস নির্মাণ
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্প ব্যয়	: ৭৯.৫৫ কোটি টাকা
অর্থায়নে	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওভারপাসের অবস্থান	: ব্রাহ্মণবাড়িয়া শহর অংশ সড়কের ২য় কিলোমিটার
ওভারপাসের ধরণ	: পিসি গার্ডার টাইপ
ফাউন্ডেশনের ধরণ	: কাষ্ট-ইন-সিটু বোরড পাইল
ওভারপাসের দৈর্ঘ্য	: ৪৯৬.৪২ মিটার
র্যাম্পের দৈর্ঘ্য	: ২৫৯.৭৫ মিটার
ওভারপাসের প্রশস্ততা	: ৭.৬০ মিটার (২ লেন বিশিষ্ট)
স্প্যান সংখ্যা	: ১৯ (উনিশ) টি
পিয়ার সংখ্যা	: ১৮ (আঠারো) টি
এ্যাভটমেন্ট সংখ্যা	: ২ (দুই) টি
ভার্টিক্যাল ক্লিয়ারেন্স	: ৭.১৬ মিটার
হরাইজেন্টাল ক্লিয়ারেন্স	: ৩২.৯৮ মিটার